

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ওয়েব-পোর্টাল ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ওয়েব-পোর্টাল ম্যানেজমেন্ট বিষয়ে ক্যাপাসিটি বিল্ডিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (০৫ মে ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে 'ক্যাপাসিটি বিল্ডিং ট্রেনিং অন ওয়েব-পোর্টাল ম্যানেজমেন্ট ফর স্টেকহোল্ডার্স' শীর্ষক এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, উন্নত বাংলাদেশ বিনির্মাণে বিশ্ববিদ্যালয়গুলোকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। এক্ষেত্রে একটি আধুনিক ও কার্যকর ওয়েব-পোর্টাল বিশ্ববিদ্যালয়ের পরিচিতি ও কার্যক্রমকে দেশ ও বিশ্বের দরবারে তুলে ধরার গুরুত্বপূর্ণ মাধ্যম। তিনি আরও বলেন, প্রশিক্ষণের মাধ্যমে অর্জিত জ্ঞান বাস্তব কাজে প্রয়োগ করে নোবিপ্রবির ডিজিটাল সেবা আরও সমৃদ্ধ করতে হবে। এছাড়াও তিনি তথ্য প্রযুক্তি ব্যবহারে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দ্রুত সেবা নিশ্চিতকরণের ওপর গুরুত্বারোপ করেন এবং সংশ্লিষ্টদের নিয়মিত আপডেট ও দক্ষতা বৃদ্ধির আহ্বান জানান।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে ছিলেন নোবিপ্রবি কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক এ আর এম মাহমুদুল হাসান রানা এবং আইসিটি সেলের সহকারী প্রোগ্রামার মো. জানে আলম। কোর্স ডাইরেক্টর হিসেবে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক (কিউএ) ড. মো. শিবলুর রহমান। প্রশিক্ষণে প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক (ইটিএল) জি এম রাকিবুল ইসলাম।

উল্লেখ্য, নোবিপ্রবির শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪